সংবাদ

020

তারিখ ২৬/৮/৮৩
পৃষ্ঠা ........ কলাম ........

# ইউনেস্কোর জাতীয় কমিশনের ষ্টিয়ারিং কমিটির বৈঠক অনুষ্ঠিত

ইউনেস্কোর বাংলাদেশ জাতীয় কমিশনের ষ্টিয়ারিং কমিটির বৈঠক গতকাল ঢাকায় অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান। শিক্ষা বিভাগের সচিব, বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিনিধি, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সভায় উপস্থিত ছিলেন।

শিক্ষা বিভাগের সচিব কাজী ফজলুর রহমান বাসস'র সংবাদদাতাকে জানান, জাতীয় কমিশনের সহায়তায় বিভিন্ন কর্মসূচী গ্রহণের বিষয় সভায় আলোচিত হয়েছে। শিক্ষা পরিকল্পনা বিষয়ে আন্তর্জাতিক ইনস্টিটিউট ও ইউনেস্কোর যৌথ উদ্যোগে বাংলাদেশে সাক্ষরতা বিষয়ে আন্তর্জাতিক সেমিনার ও ওয়ার্কশপ অনুষ্ঠান আলোচ্য কর্মসূচীর অন্তর্ভুক্ত।

এছাড়া ইউনেস্কোর সহযোগিতায় আগামী ৭ ও ১১ই ডিসেম্বর ঢাকায় যোগাযোগ নীতি সম্পর্কে একটি আঞ্চলিক সম্মেলন অনুষ্ঠানের বিষয়েও সিদ্ধান্ত হয়েছে। খবর বাসসর।